

স্কুল পরিচালনা কমিটি ও প্রধান শিক্ষকের মধ্যে দ্বন্দ্ব ॥ বিদ্যালয়ে চলছে অচলাবস্থা

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতাঃ কলাপাড়া উপজেলায় মহিপুর কো-অপ্ট মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির দুর্নীতি, প্রধান শিক্ষকের আদালতে আশ্রয় গ্রহণ, আদালত কর্তৃক স্কুল কর্তৃপক্ষের ওপর অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি এবং স্কুলটিতে বিভিন্ন অব্যবস্থার কারণে শিক্ষার্থীদের এখন হুবিহীনতা নেমে এসেছে।

একাধিক সূত্রে এবং প্রধান শিক্ষকের দায়েরকৃত মামলায় প্রকাশ, -২০০১ সালের জুলাই মাসে অনুষ্ঠিত ম্যানেজিং কমিটির নির্বাচনের পর থেকেই স্কুলটিতে ব্যাপক অনিয়ম শুরু হয়। ম্যানেজিং কমিটির ঘোষনামে পড়ে স্কুলের প্রধান শিক্ষক মো. রেফাতুল ইসলাম। নির্বাচনের আগে ম্যানেজিং কমিটির সভাপতি আবদুল আজিজ আকনকে ওই প্রধান শিক্ষক সরাসরি সমর্থন না করায় সভাপতি আবদুল আজিজ ক্ষিপ্ত হয় এবং মো. রেফাতুল ইসলাম প্রধান শিক্ষক

থাকাকালে ৩০শে জুন দৈনিক ইত্তেফাকে বর্তমান কমিটি প্রধান শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি দেয়। যা সম্পূর্ণ অবৈধ বলে মামলায় উল্লেখ করা হয়।

মামলার পরিস্থিতিতে পটুয়াখালীর সহকারী জজ আদালত গত ১৩ই জুলাই এক আদেশে প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত নতুন করে প্রধান শিক্ষক নেয়া যাবে না বলে এক আদেশ দেন।

এ ব্যাপারে প্রধান শিক্ষক এ প্রতি-নিধিকে জানান, "শিক্ষা মন্ত্রণালয়ের ডিক্রির প্রতিনিধি ছাড়াই ওই ম্যানেজিং কমিটি সহকারী প্রধান শিক্ষকসহ আরও অতিরিক্ত শিক্ষক অবৈধ উপায়ে পোপনে নিয়োগ দিয়ে সরকারি টাকা আত্মসাৎ করেছে। এছাড়াও স্কুলের অতিরিক্ত কর্মচারী হিসেবে নিজের আত্মীয়-স্বজনদের নিয়োগ দিয়েছেন।"